

রাজশাহীতে মানববন্ধন ॥ রুয়েট ছাত্রলীগ নেতার সন্ধান মেলেনি

স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥ রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) শাখা ছাত্রলীগের তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক সাইফুজ্জামান সোহাগের সন্ধান মেলেনি ৫ দিনেও। ফলে পুরো পরিবার দিশেহারা হয়ে পড়েছে। এ ঘটনায় অবশেষে রবিবার রাতে বান্ধবীসহ অজ্ঞাতদের বিরুদ্ধে মামলাও দায়ের করা হয়েছে। সোমবার সোহাগের সন্ধান দাবিতে মানববন্ধন কর্মসূচী পালন করেছেন মহানগর ও জেলা স্টেডিয়াম মার্কেট ব্যবসায়ী সমিতি।

বেলা ১২টায় জেলা ক্রীড়া সংস্থা সংলগ্ন রাস্তায় এ মানববন্ধন কর্মসূচী পালন করা হয়েছে। এ সময় উপস্থিত ছিলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমের বাবা মোহাম্মদ শামসুদ্দিন, রাজশাহী চেয়ারম্যান পরিচালক সেকেন্দার আলী, স্টেডিয়াম মার্কেট ব্যবসায়ী সমিতির সভাপতি রেজাউল রহমান দুলাল ও জেলা 'অপহৃত' সোহাগের পরিবারের সদস্যরা। নিখোঁজ সোহাগের স্ত্রী ফারজানা রহমান বলেন, সোহাগ কয়েকদিন ধরে নিখোঁজ। তিনি তাঁকে ফিরে পেতে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন। মানববন্ধন থেকে রাজশাহী চেয়ার পরিচালক সেকেন্দার আলী বলেন, একজন মেধাবী শিক্ষার্থীর নিখোঁজ হওয়া হতাশাজনক।

অপরদিকে ঘটনার চারদিনের মাথায় রবিবার রাতে নগরীর রাজপাড়া থানায় সোহাগের বাবা আকাসউজ্জামান বাদী হয়ে একটি মামলা দায়ের করেছেন। মামলায় অজ্ঞাত ব্যাব ও ডিবি পুলিশের সদস্য এবং সোহাগের কথিত বান্ধবী নাবিলাকেও আসামি করা হয়েছে।